

একসঙ্গে কাজ করবে সরকার ও গণমাধ্যম

নিজস্ব প্রতিবেদক

৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০



শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, শিক্ষার উন্নয়নে সরকারের পাশাপাশি গণমাধ্যম একই লক্ষ্যে কাজ করবে। আমাদের উদ্দেশ্যও শিক্ষা, সাংবাদিকদের উদ্দেশ্য একই। গতকাল রবিবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ‘এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ইরাব)-এর নবনির্বাচিত কমিটি ২০১৯-২০-এর অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। শিক্ষামন্ত্রী

বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিক্ষাকে যে জায়গায় নিয়ে যেতে চেয়েছিলেন, শিক্ষাকে বাহন হিসেবে ব্যবহার করে আমাদের দেশকে যে জায়গায় নিয়ে যেতে চাই, সেই কাজটি করতে হলে শিক্ষা ক্ষেত্রে যে ইতিবাচক পরিবর্তন প্রয়োজন সেগুলো ঘটছে কিনা; সেগুলো আমরা সঠিকভাবে করতে পারছি কিনা; যারা আমরা দায়িত্বপ্রাপ্ত আমরা সঠিকভাবে দায়িত্বগুলো পালন করতে পারছি কিনা; কোথাও দুর্নীতি হচ্ছে কিনা; অনিয়ম হচ্ছে কিনা; কোথাও বিশৃঙ্খলা আছে কিনা; সাংবাদিকদের যে কাজ সত্য ও বস্তুনিষ্ঠ তথ্য তুলে ধরা এবং তার মাধ্যমে ইতিবাচক পরিবর্তনের দিকে আমাদের নিয়ে যেতে সহায়তা করা। আমি আশা করব শিক্ষাবিট সাংবাদিকরা দায়িত্বশীল হবেন। আপনারও শিক্ষা পরিবারের সদস্য। গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচনের মাধ্যমে আপনাদের একটি কমিটি গঠন করেছেন। নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে অভিনন্দন ও শুভেচ্ছা।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন বলেন, সরকার প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। ঝরে পড়া রোধে সরকার বৃত্তি উপবৃত্তি দিচ্ছে। গণমাধ্যমকর্মীদের সঙ্গে নিয়ে আমরা এগিয়ে যেতে চাই।

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেন, বর্তমান সরকার শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে বিশেষ বরাদ্দ দিচ্ছে। সে অনুযায়ী আমরা এখনো সফলতা অর্জন করতে সক্ষম হইনি। তবে বর্তমান সরকারের হাত ধরেই শিক্ষা খাতে আমূল পরিবর্তন এসেছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান ড. কাজী শহীদুল্লাহ বলেন, একসময় দেশের হাতেগোনা কয়েকটি বিশ্ববিদ্যালয় ছিল; এখন দেড়শর বেশি বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ও শিক্ষার্থী বাড়ার সঙ্গে সঙ্গে মানের দিকেও খেয়াল রাখতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব মো. সোহরাব হোসাইন বলেন, বস্তুনিষ্ঠ সাংবাদিকতার আহ্বান জানাই। শিক্ষার উন্নয়নে সরকারের পাশাপাশি আপনাদেরও সহযোগিতা প্রয়োজন।

অনুষ্ঠান সভাপতিত্ব করেন দৈনিক যুগান্তরের সিনিয়র প্রতিবেদক ও ইরাবেবের সভাপতি মুসতাক আহমেদ। সঞ্চালনা করেন, দৈনিক সমকালের বিশেষ প্রতিনিধি ও ইরাকের কার্যনির্বাহী সদস্য সাকিবর নেওয়াজ। শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ইরাবেবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাকের সিনিয়র রিপোর্টার নিজামুল হক।

advertisement

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ইউজিসি, এনটিআরসিএ, অবসর ও কল্যাণ বোর্ড, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোক্তা, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ এবং রাজধানীর বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক শিক্ষার্থীরা।